স্নাতক পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার : ৬ কোর্স : CC-13

সময় : ৩ ঘণ্টা (নির্বাচিত বাংলা প্রবন্ধ) পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক — ১

১। রবীন্দ্রনাথ ‘বাজে কথা’ প্রবন্ধে ‘বাজে কথা’ বলতে কী বুঝিয়েছেন? সাহিত্যে এর গুরুত্ব আলোচনা করো। ১৫

২। ‘কাব্যের উপেক্ষিতা’ রচনায় রবীন্দ্রনাথ চারজন উপেক্ষিতা নারীর কথা বলেছেন। প্রাবন্ধিকের অভিমত কতখানি গ্রহণযোগ্য তা যুক্তি-সহ আলোচনা করো। ১৫

৩। রবীন্দ্রনাথের ‘পঞ্চভূত’ প্রবন্ধ গ্রন্থের ‘পরিচয়’ প্রবন্ধ অবলম্বনে একটি নিবন্ধ রচনা করো। ১৫

একক — ২

৪। ‘কাব্যজিজ্ঞাসা’ বইটি রচনার ক্ষেত্রে অতুলচন্দ্র গুপ্ত কী কী নীতি অনুসরণ করেছিলেন লেখো। ১৫

৫। অতুলচন্দ্র গুপ্তের ‘কাব্যজিজ্ঞাসা’ গ্রন্থে আগে ধ্বনির আলোচনা ও পরে রসের আলোচনা করার কারণ নির্দেশ করো। ১৫

৬। অতুলচন্দ্র গুপ্ত ভারতীয় অলংকার শাস্ত্রের আলোচনা করতে গিয়ে পাশ্চাত্য কাব্যতত্ত্বের প্রসঙ্গগুলিকে কীভাবে প্রয়োগ করেছেন আলোচনা করো। ১৫

একক — ৩

৭। ‘কমলাকান্তের দপ্তর’ গ্রন্থে ‘একা কে গায় ওই’ শীর্ষক রচনাটি নানা কারণে ব্যতিক্রমী। প্রবন্ধটি আলোচনার সূত্রে এই বিষয়ে বিস্তারে আলোচনা করো। ১৫

৮। ‘নিয়মের রাজত্ব’ রচনায় প্রাকৃতিক নিয়ম সম্বন্ধে রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর বক্তব্য উপস্থিত করো। ১৫

৯। কবিগান রচয়িতাদের জীবনী সংকলনে ঈশ্বরচন্দ্র গুপ্তের কৃতিত্ব প্রাবন্ধিক ভবতোষ দত্তের দৃষ্টিভঙ্গি অনুসরণে লেখো। ১৫

১০। যে-কোনো তিনটি টীকা লেখো: ৩x৫=১৫

(ক) ‘কিন্তু লোকশিক্ষার কী হইবে সে কথার জবাবদিহি সাহিত্যের নহে।’

(খ) বিভাব

(গ) ব্যক্তি রাজশেখর বসু সম্পর্কে বুদ্ধদেব বসুর অভিমত

(ঘ) যথার্থ পে-বিল

(ঙ) ‘কিন্তু মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ।’

(চ) সঙ্কর অলংকার

—

# স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২৩

## সাম্মানিক বাংলা

সেমেস্টার : ৬ কোর্স : CC-14

**(রবীন্দ্রসাহিত্য)**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। 'কবি বাঙালী-জীবনের এই স্থবিরতা, সংকীর্ণতা, গতানুগতিকতা ও ক্ষুদ্রতার গণ্ডী ভাঙিয়া উদ্দাম, বৈচিত্র্যময় জীবন-যাপনের জন্য ব্যাকুল হইয়া পড়িয়াছেন।'—এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে 'দুরন্ত আশা' কবিতাটি আলোচনা করো। ১৫

২। 'নিন্দুকের প্রতি নিবেদন' কবিতাটিতে নিন্দুকের উদ্দেশে কবির মনোভাব যেভাবে ব্যক্ত হয়েছে তার পরিচয় দাও। ১৫

৩। 'একাল ও সেকাল' কবিতায় কবি দুই কালকে কীভাবে একসূত্রে বেঁধেছেন আলোচনা করে দেখাও। ১৫

**একক - ২**

৪। প্রেম ও কর্তব্য পরস্পর বিচ্ছিন্ন নয়, একে অপরের পরিপূরক।– 'রাজা ও রানী' নাটক বিশ্লেষণ করে এই বক্তব্যের যাথার্থ্য নিরূপণ করো। ১৫

৫। 'রাজা ও রানী' নাটকে সাধারণ নাগরিক চরিত্র সৃষ্টিতে নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো। ১৫

৬। সুমিত্রা ও ইলা চরিত্র দুটির তুলনামূলক আলোচনা করো। ১৫

**একক - ৩**

৭। 'বিনোদিনী বাহিরে বিলাসিনী যুবতী বটে, কিন্তু তাহার অন্তরে একটি পূজারতা নারী নিরশনে তপস্যা করিতেছে।'—বিনোদিনী সম্পর্কে 'চোখের বালি' উপন্যাসে বিহারীর মনোভাব এই দুই প্রান্তিক অবস্থানের মধ্যে কীভাবে দোলাচল থেকেছে, তা সমগ্র উপন্যাসটির আলোচনার সূত্রে স্পষ্ট করো। ১৫

৮। 'হৃদয়ের সম্পর্ক সম্বন্ধে মহেন্দ্রে উচিত-অনুচিতের আদর্শ সাধারণের অপেক্ষা কিছু কড়া।'—'চোখের বালি' উপন্যাসে মহেন্দ্রর 'উচিত-অনুচিতের আদর্শ' কতটা এবং কীভাবে ক্রিয়াশীল থেকেছে, আলোচনা করো। ১৫

৯। 'চোখের বালি' উপন্যাসে চিঠিপত্র ব্যবহারে রবীন্দ্রনাথের কুশলতার পরিচয় দাও। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩×৫=১৫

ক) 'আকাঙ্ক্ষার ধন নহে আত্মা মানবের।' খ) 'আমার আঁখিজল কেহ না বোঝে।'

গ) শংকর ঘ) নারায়ণী ঙ) 'চোখের বালি' উপন্যাসে বিষবৃক্ষের উল্লেখ

চ) 'আমাদের জাতের ধর্ম এইরূপ—আমরা মায়াবিনী।'

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২৩

সাম্মানিক বাংলা

সেমেস্টার : ৬ কোর্স : DSE - 3

(বিশ্বায়ন ও সাম্প্রতিক বাংলা সাহিত্য)

সময় : ৩ ঘন্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

## একক — ১

১। বিশ্বায়ন কোনো নতুন বিষয় নয়, নিরন্তর একটি প্রক্রিয়া — মন্তব্যের যাথার্থ্য বিচার করো। ১৫

২। ভারতে আর্থিক উদারীকরণ নীতি কবে কোন পটভূমিতে গৃহীত হয়েছিল? দেশীয় সমাজ ও সংস্কৃতিতে এর কী প্রভাব পড়েছে, সংক্ষেপে আলোচনা করো। ৫+১০=১৫

৩। বিশ্বায়ন পরবর্তী আর্থিক ও সাংস্কৃতিক রূপান্তর বাংলা উপন্যাসকে কীভাবে প্রভাবিত করেছে, আলোচনা করো। ১৫

## একক — ২

৪। 'নুড়ি বাঁদর' উপন্যাসে সময়ের প্রকরণগত বিন্যাস বিষয়ে আলোচনা করো। ১৫

৫। 'নুড়ি বাঁদর' উপন্যাস অবলম্বনে ইকো-ক্রিটিসিজম বিষয়টি বুঝিয়ে দাও। ১৫

৬। অন্ততপক্ষে তিনটি উদাহরণ দিয়ে 'নুড়ি বাঁদর' উপন্যাসে রূপক ব্যবহারের তাৎপর্য ব্যাখ্যা করো। ১৫

## একক — ৩

৭। পুঁজির প্রতিযোগিতায় এক শিক্ষিত বেকার যুবকের হার মানার করুণ পরিণতি শুধু নয়, টেকনোলজির অভাবনীয় উন্নতি আমাদের ক্রমশ যন্ত্রদাস করে দিচ্ছে। — 'ঝড়ে কাক মরে' গল্প অবলম্বনে কথাটি সমর্থনযোগ্য কি না বিচার করো। ১৫

৮। 'হৃদয় অবাধ্য' এই শব্দবন্ধটির তাৎপর্য মন্দাক্রান্তা সেনের পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো। ১৫

৯। 'পণ্য' শব্দটির সূত্রে যশোধরা রায়চৌধুরী কীভাবে গত শতকের নয়ের দশকের গোড়ায় নাগরিক মেয়েদের জীবনযাত্রার ছবি এঁকেছিলেন, পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) ৩X৫=১৫

ক) বিশ্বায়ন ও বিশ্বগ্রাম

খ) কোম্পানি থিয়েটার

গ) গোল টেবিল বৈঠক

ঘ) শুক্তিমতি নদী

ঙ) 'বিষকপ্পুর' গল্পের বাসনা চরিত্র

চ) শ্রীজাতর কবিতায় বারোমাস্যার নতুন নির্মাণ

স্নাতক সাম্মানিক পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার :৬ কোর্স DSE 4

(মানবীবিদ্যা)

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১) 'নারীবাদ সবসময় চেয়েছে, সমাজে নারী 'বিষয়' হিসেবে নয়, 'বিষয়ী' হিসেবেই উদ্ভাসিত হোক।' – এই মন্তব্যটি ব্যাখ্যা করে বুঝিয়ে দাও। প্রসঙ্গত পশ্চিমের নারীবাদী ইতিহাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+১০=১৫

২)'''প্রজনার্থা' ; সন্তানের জন্ম দেয় বলেই সে মহনীয়া পূজনীয়া এবং গৃহের দীপ্তিস্বরূপিণী।'' সুকুমারী ভট্টাচার্যের 'প্রজনার্থা' প্রবন্ধ অনুসারে বিষয়টি বিশ্লেষণ করো। ১৫

৩) ঔপন্যাসিক স্বর্ণকুমারী দেবীর কথা বহু আলোচিত। প্রাবন্ধিক স্বর্ণকুমারী তুলনায় ততটা আলোচিত নন। সমালোচনার এ-দৃষ্টিকোণ কতটা যুক্তিযুক্ত বলে তুমি মনে করো। ১৫

একক ২

৪) চন্দ্রাবতী 'রামায়ণ'-এ ভণিতা ব্যবহারের তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

৫) চন্দ্রাবতী রচিত 'রামায়ণ'-এর কাহিনি গ্রন্থনে কবির দক্ষতার পরিচয় দাও। ১৫

৬) বেগম রোকেয়ার 'সুলতানার স্বপ্ন'(Sultana's Dream) আর 'অবরোধবাসিনী' লেখা দুটি এক অর্থে বাস্তবের বিরুদ্ধে স্বপ্নপ্রতিবাদ এই সূত্রে পরস্পর লগ্ন। আলোচনা করো। ১৫

একক ৩

৭) কবিতা সিংহের পাঠ্যপ্রবন্ধে কেন ভার্জিনিয়া উলফের একটি রচনার কথা ধ্রুবপদের মতো ব্যবহৃত হয়েছে – ব্যাখ্যা করো। ১৫

৮) ধ্রুপদী রামায়ণ চর্চায় নয়, লোকগানে,মেয়েদের কণ্ঠে রামায়ণ গানের স্বরূপ নবনীতা দেবসেনের পাঠ্য প্রবন্ধে কীভাবে ব্যাখ্যা করা হয়েছে আলোচনা করো। ১৫

৯) মার্কসের কাছে মল্লিকা সেনগুপ্তর অনুযোগের স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

১০) টীকা লেখো : ( যে কোনো তিনটি) ৩×৫=১৫

ক) এমিল

খ) 'কনকাঞ্জলি'

গ) 'বিলাতে বঙ্গ মহিলা'

ঘ) 'হিন্দু মহিলাগণের হীনাবস্থা'

ঙ) 'বামাবোধিনী' উপন্যাস

চ) কসমেটিক স্টিচ